



শ্রদ্ধেয় দেশবাসীগণ,

আপনাদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, সমগ্র দেশের মধ্যে অসমেই প্রথম রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী (এন আর সি) উন্নীতকরণের কাজ শুরু হয়েছে। রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী ১৯৫৫ সনের নাগরিকত্ব আইন এবং ২০০৩ সনের নাগরিকত্ব বিধির ব্যবস্থাবলীর আধারে উন্নীতকরণ করা হবে।

১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী বা ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে সরকার দ্বারা প্রকাশ করা ভোটার তালিকাকে যুগ্মভাবে 'লিগেসি ডাটা' নামে নামাকরণ করা হয়েছে। লিগেসি ডাটায় নাম থাকা সব জীবিত নাগরিকদের পরিচয় প্রমাণ সাপেক্ষে এন আর সিতে নাম অন্তর্ভুক্ত হবে। লিগেসি ডাটায় নাম না থাকা লোকের ক্ষেত্রে নাম থাকা পূর্বপুরুষের সংগে সম্পর্কের যোগসূত্র স্থাপন হলে বা ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে অসমে থাকা বাসস্থানে বসবাস করাটা সাব্যস্ত হলে অনুমোদিত ১২ টি নথির ভিত্তিতে নাম অন্তর্ভুক্ত হবে। নাগরিকদের নিজের পরিচয়সূচক নথিও দাখিল করতে হবে।

অনুমোদিত ১২টি নথি হচ্ছে -

- |                                       |   |
|---------------------------------------|---|
| ১। মাটি-বাড়ী/রায়তী জমি-স্বত্বের নথি | ৭। সরকারী অনুজ্ঞাপত্র/প্রমাণপত্র                        |
| ২। স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র       | ৮। সরকারী/সার্বজনীন খণ্ডের নিযুক্তি, চাকুরির প্রমাণপত্র |
| ৩। নাগরিকত্বের প্রমাণপত্র             | ৯। বেংক, ডাকঘরের হিসাবের নথি                            |
| ৪। শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র       | ১০। জন্মের প্রমাণপত্র                                   |
| ৫। পারপত্র (পাসপোর্ট)                 | ১১। বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের শৈক্ষিক প্রমাণপত্র        |
| ৬। এল আই সি পলিসি                     | ১২। আদালতের প্রক্রিয়া/নথি                              |

অবশ্য এই সব নথি ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি)র পূর্বে প্রদান করা হতে হবে।

স্থানীয় এন আর সি সেবা কেন্দ্রে (এন এস কে) এবং নিকটবর্তী অধিসূচীত স্থানে (Nearest Notified Location) সরকার দ্বারা সার্বজনীন পরিদর্শনের জন্য প্রকাশিত 'লিগেসি ডাটা' পরীক্ষা করে নিজের নিজের প্রয়োজনীয় তথ্যগুলো সংগ্রহ করতে আপনাদের অনুরোধ জানানো হচ্ছে। আপনার এলাকায় এন আর সি সেবা কেন্দ্রসমূহের ঠিকানা হল ..... এবং নিকটবর্তী অধিসূচীত স্থানসমূহের ঠিকানা হল .....। আপনার নিকটতম এন এস কে তত্ত্বাবধানে আবেদনপত্র ঘরে ঘরে বিতরণ করা হবে। আবেদনপত্রের সংগে আবেদন কিভাবে পূরণ করবেন তার নির্দেশনা থাকবে। এন আর সি সেবা কেন্দ্র বা টোল ফ্রী হেল্পলাইন নম্বর ১৫১০৭ বা এন আর সি ওয়েবসাইট [nrcassam.nic.in](http://nrcassam.nic.in) এর মাধ্যমে বিশদ তথ্য/সহায়তা লাভ করতে পারবেন। আপনার এলাকায় অনুষ্ঠিত হওয়া গ্রামসভা, দলীয় আলোচনা আদিত অংশ নিয়েও আবশ্যিকীয় তথ্য জানতে পারবেন।

মনে রাখবেন, আপনার, পরবর্তী প্রজন্ম এবং দেশের শান্তি, প্রগতি এবং সুরক্ষার জন্য রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী এক অর্থবহ এবং গুরুত্বপূর্ণ নথি হবে। নাগরিক পঞ্জীতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন জানানো বাধ্যতামূলক। আপনাদের আন্তরিক সহযোগিতার দ্বারা অসমের রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণ করা সম্ভব হবে।

আসুন, যোগ্য নাগরিক হিসেবে নাগরিক পঞ্জীতে নাম অন্তর্ভুক্ত করে অসমের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করি।

ধন্যবাদ